বাংলাদেশ সরকারি প্রাথমিক

বিদ্যালয় শিক্ষক সমিতির

নির্বাহী সভাপতির দায়িত্ব

পেলেন নাজমুল হক

বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির নির্বাহী সভাপতি (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পেয়েছেন নাজমুল হক।

তিনি বর্তমানে মেহেরপুর জেলা কমিটির সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। এর আগে তিনি সমিতির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ছিলেন।

কেন্দ্রীয় কমিটির পক্ষ থেকে জানানো হয়েছে, অবসরজনিত ও মৃত্যুজনিত কারণে কয়েকটি পদ শূন্য হওয়ায় সংগঠনের সাংগঠনিক কার্যক্রমকে আরও গতিশীল করতে সংগঠকদের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব প্রদান করা হয়েছে।

সংগঠনের সভাপতি ওয়েছ আহমদ চৌধুরী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, নাজমুল হকের সাংগঠনিক দক্ষতা ও কার্যক্রমের ভিত্তিতে গত ২৫ অক্টোবর উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে তাকে নির্বাহী সভাপতি (ভারপ্রাপ্ত) পদে দায়িত্ব প্রদান করা হয়েছে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের

‘সহকারী শিক্ষক’ নিয়োগ

পরীক্ষা আজ

২য় ধাপে খুলনা, ময়মনসিংহ ও রাজশাহী বিভাগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে আজ শুক্রবার। তার অংশ হিসেবে মেহেরপুরে এ পরীক্ষায় অংশ নিচ্ছেন ৪

হাজার ৯৪৮ জন পরীক্ষার্থী।

জেলা শহরের ৮টি কেন্দ্রে সকাল ১০টায় শুরু হবে পরীক্ষা। শেষ হবে এগারোটায়। এর মধ্যে ২ হাজার ৬৮২ জন মহিলা এবং ২ হাজার ২৬৬ জন পুরুষ প্রার্থী রয়েছেন। নিয়োগ পরীক্ষা উপলক্ষে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাথতে জেলা ম্যাজিষ্ট্রেট কেন্দ্রের আশে পাশে ১৪৪ ধারা জারি করেছেন।

জেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ৮টি কেন্দ্রের আসন বিন্যাস করা হয়েছে। এর মধ্যে মেহেরপুর সরকারি কলেজ কেন্দ্রে ১২০০ মহিলা প্রার্থী, মেহেরপুর সরকারি মহিলা কলেজ কেন্দ্রে ৭৪৮ জন মহিলা প্রার্থী, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৬০০ মহিলা প্রার্থী, ছহিউদ্দিন ডিগ্রি কলেজ কেন্দ্রে ১৩৪ জন মহিলা প্রার্থী, ৪১৬ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ কেন্দ্রে ৪৪০ জন পুরুষ পুরুষ প্রার্থী, জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজে কেন্দ্রে ৫০০ জন পুরুষ প্রার্থী, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ কেন্দ্রে ৪১০ জন পুরুষ প্রার্থী পরীক্ষায় অংশ নিবেন।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, সহকারী শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা সুষ্ঠভাবে সম্পন্ন করতে ইতোমধ্যে সকল প্রস্Í◌ুতি সম্পন্ন করা হয়েছে। কেন্দ্রে কেন্দ্রে ১৪৪ ধারার নোটিশ পৌছানো হয়েছে।

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা
পরীক্ষা কেন্দ্রে কোনো বই, উত্তরপত্র, নোট বা অন্য কোনো কাগজপত্র, ক্যালকুলেটর, মোবাইল ফোন, ভ্যানিটি ব্যাগ, পার্স, হাতঘড়ি বা ঘড়িজাতীয় বস্তু, ইলেকট্রনিক হাতঘড়ি বা যে কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস, কমিউনিকেটিভ ডিভাইস, জাতীয় পরিচয়পত্র (স্মার্ট কার্ড) ছাড়া কোনো ধরনের ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড অথবা অন্য কোনো কার্ড বা এ-জাতীয় বস্তু সঙ্গে নিয়ে প্রবেশ করা বা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।

যদি কোনো পরীক্ষার্থী উল্লিখিত দ্রব্যাদি সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে তবে তাকে তাৎক্ষণিক বহিষ্কারসহ সংশ্লিষ্টের বিরুদ্ধে প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]